গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ভোলা সদর, ভোলা।
www.acl.sadar.bhola.gov.bd

স্মারক নং-৩১.১০.০৯১৮.০০০.০৫.০১১.২৫-২৫০ তারিখ: ১৬/০২/২০২৫ খ্রি.

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা সদর উপজেলাধীন ভেলুমিয়া ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন জরাজীর্ণ টিন শেড ঘর আগামী ১৯/০২/২০২৫ খ্রি. রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় সময় ইউনিয়ন ভূমি অফিস, ভেলুমিয়া অকুস্থল প্রাঙ্গনে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রি করা হবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গকে নির্ধারিত পুরাতন টিন শেড ঘর পরিদর্শনপূর্বক নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলাম ডাকের পূর্ব দিন পর্যন্ত এ সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ের মধ্যে জানা যাবে।

### নিলাম ডাকের শর্তাবলী

১। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গকে নির্ধারিত জামানত জমা করে ডাকে অংশগ্রহণ করতে হবে।
২। সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ (ভ্যাট ও আয়করসহ) ২০/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যেই ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে। চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।
৩। সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তি কে ক্রয়কৃত পুরাতন টিন শেড ঘরের মোট মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর নির্ধারিত ট্রেজারী চালান কোডের মাধ্যমে জমা প্রদান করতে হবে।
৪। সর্বোচ্চ ডাককারী কর্তৃক ডাক মূল্যে জমাদান সাপেক্ষে সর্বোচ্চ ডাককারী এবং ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত ফেরত প্রদান করা হবে।
৫। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিলাম ক্রেতা কে নিজ খরচে পুরাতন টিন শেড ঘর ভেঙ্গে মালামাল সরিয়ে নিতে হবে। অন্যথায় নিলাম মূল্য বাজেয়াপ্ত করণসহ কার্যাদেশ বাতিল করা হবে।
৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল নিলাম ডাক, গ্রহণ বা বাতিল বা সম্পূর্ণ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬/০২/২৫

(আহসান হাফিজ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
পুরাতন মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি
ভোলা সদর, ভোলা।

স্মারক নং-৩১.১০.০৯১৮.০০০.০৫.০১১.২৫-২৫০ তারিখ: ১৬/০২/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, ভোলা।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা।
০৪। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ভোলা সদর, ভোলা।
০৫। উপজেলা কৃষি অফিসার, ভোলা সদর, ভোলা।
০৬। কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, ভোলা সদর, ভোলা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। নোটিশ বোর্ড।

CS CamScanner